

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকক্ষ : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৪৭/২০২২-২০২৩
ময়মনসিংহ, ১৫ জুন, বৃহস্পতিবার ২০২৩, ০১ আষাঢ় ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে ময়মনসিংহ বিভাগীয় অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত
- ০২। নগরীর টাউন হলে ১৭ ও ১৮ জুন বিভাগীয় সাহিত্য মেলা
- ০৩। নেত্রকোনা জেলা প্রশাসকের সাথে মতবিনিময় সভা
- ০৪। জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনে ৬৭ হাজার ১০৩ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়াবে মসিক

০১। জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষ্যে ময়মনসিংহ বিভাগীয় অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত

আগামী ১৮ জুন (রবিবার) জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন সফল করার লক্ষ্যে ময়মনসিংহ বিভাগীয় অবহিতকরণ ও কর্ম পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার (১৪ জুন) সকালে ময়মনসিংহ বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয় আয়োজিত এবং জাতীয় পুষ্টি সেবা, স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের বাস্তবায়নে পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইনে ১৮ জুন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ময়মনসিংহ বিভাগের ৯ হাজার কেন্দ্রে ৬-১১ মাস বয়সী ১,৯৯,২৫৫ জন শিশুকে একটি করে নীল রঙের এবং ১২-৫৯ মাস বয়সী ১৬,৩১,৯৪১ জন শিশুকে একটি করে লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাস। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

০২। নগরীর টাউন হলে ১৭ ও ১৮ জুন বিভাগীয় সাহিত্য মেলা

আগামী ১৭ ও ১৮ জুন (শনি ও রবিবার) দুই দিনব্যাপী বিভাগীয় সাহিত্যমেলা-২০২৩ অনুষ্ঠিত হবে। তৃণমূল পর্যায়ের কবি সাহিত্যিকদের সাহিত্য কর্ম জাতীয় পর্যায়ে জনসম্মুখে তুলে ধরার লক্ষ্যে প্রধানমন্ত্রীর অনুপ্রেরণায় এ সাহিত্য মেলার আয়োজন করা হচ্ছে। সাহিত্যমেলায় আয়োজন উপলক্ষ্যে ১৪ জুন (বুধবার) ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ে কমিশনার মো. শফিকুর রেজা বিশ্বাসের সভাপতিত্বে এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক আজকের ময়মনসিংহ।

০৩। নেত্রকোনা জেলা প্রশাসকের সাথে মতবিনিময় সভা

নেত্রকোনার কেন্দ্রীয়া উপজেলা প্রশাসনের আয়োজনে বুধবার (১৪ জুন) উপজেলা পরিষদ হল রুমে নেত্রকোনা জেলা প্রশাসক ও স্থানীয় বিভিন্ন শ্রেণি পেশার মানুষের সমন্বয়ে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা কাবেরী জালালের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন নেত্রকোনা জেলা প্রশাসক অঞ্জনা খান মজলিশ। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন।

০৪। জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনে ৬৭ হাজার ১০৩ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়াবে মসিক

আগামী ১৮ জুন (রবিবার) জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনে ৬৭ হাজার ১০৩ জন শিশুকে ভিটামিন এ ক্যাপসুল খাওয়াবে ময়মনসিংহ সিটি কর্পোরেশন। এ উপলক্ষ্যে বুধবার (১৪ জুন) বেলা ১১টায় শহীদ শাহাবুদ্দিন মিলনায়তনে সিটি কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগের উদ্যোগে অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়। এ ক্যাম্পেইনে ১৮ জুন সকাল ৮টা থেকে বিকাশ ৪টা পর্যন্ত ৫টি স্থায়ী ও ৩০১টি অস্থায়ী কেন্দ্রে ৬ থেকে ১১ মাস বয়সী ৯ হাজার ৪৩০ জন শিশুকে একটি করে নীল রঙের ভিটামিন এ ক্যাপসুল এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৫৭ হাজার ৬৭৩ জন শিশুকে একটি করে লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বজন:** রাজধানীতে অগ্নিকান্ডের ঘটনা নতুন কিছু না। একের পর এক দুর্ঘটনা ঘটছে। বিশ্বের অগ্নি দুর্ঘটনাগুলোতে নজর দিলে দেখা যায় নিজস্ব অগ্নিনির্বাপক ব্যবস্থা যেখানে ভালো সেখানে ক্ষতির পরিমাণ কম। আমাদের দেশে অগ্নিকান্ড ঘটলে তুলনামূলক ক্ষতির পরিমাণ বেশি। অগ্নিকান্ড প্রতিরোধে নাগরিকদেরও ভূমিকা রয়েছে। কেবল সচেতন হলেই অনেক অগ্নিকান্ড প্রতিরোধ করা সম্ভব।
- (খ) **দৈনিক স্বদেশ সংবাদ:** মানবসভ্যতার অগ্রগতি সাধন ও জীবনযাত্রাকে অনেক সহজ করেছে ইন্টারনেট। অন্যদিকে এর অপব্যবহার কিংবা অপরিমিত ব্যবহার বহু সংকটের কারণ হয়েছে। সম্প্রতি একটি বেসরকারি সংস্থার প্রকাশিত একটি জরিপের ফলাফলে দেখা গেছে, ইন্টারনেট ব্যবহার করতে গিয়ে জীবনের কোন না কোন সময় মানসিক সমস্যার শিকার হয়েছে ৮৫.৯ শতাংশ শিক্ষার্থী। তাই শিক্ষার্থীদের ইন্টারনেট আসক্তি কমানোর বিষয়টি রাষ্ট্রীয়ভাবে বিশেষ গুরুত্ব পাবে এটাই প্রত্যাশা।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। প্রেক্ষিত আধুনিক নারী সমাজ: শিল্প ও সাংস্কৃতিক পণ্যে রূপান্তরকরণ- ড. ফোরকান উদ্দিন আহম্মদ (দৈনিক স্বজন)
- ০২। বিনিয়োগ বান্ধব পরিবেশ তৈরিতে নতুন নতুন উদ্যোগ প্রয়োজন- রেজাউল করিম খোকন (দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস)
- ০৩। গণপরিবহন হোক শিশু বান্ধব- তরিকুল ইসলাম (দৈনিক আজকের ময়মনসিংহ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।